# বাংলাদেশ পাটকল করপোরেশন

আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
প্রশাসন বিভাগ (প্রশাসন-১ শাখা)
www.bjmc.gov.bd

স্মারক নং ২৪.০৪.০০০০.২০৩.২৭.০৯৫.১৭- ৩১১

তারিখ: ৪ আশ্বিন, ১৪২৮ / ১৯ সেপ্টেম্বর, ২০২১

## দপ্তর আদেশ

জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ২০২১-২২ এ প্রণয়নকৃত কর্মপরিকল্পনার ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো সম্পর্কে আগামী ২০.০৯.২০২১ তারিখ রোজ সোমবার বিকেল ৪.০০ ঘটিকায় বিজেএমসি'র বোর্ডসভাকক্ষে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নৈতিকতা কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯/৯/২০২১
(মোঃ নাসিমুল ইসলাম)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)

বিতরণঃ

(১) চেয়ারম্যান, বিজেএমসি, ঢাকা।
(২) পরিচালক (গমানি), বিজেএমসি, ঢাকা।
(৩) পরিচালক (অর্থ), বিজেএমসি, ঢাকা।
(৪) পরিচালক (পরিকল্পনা), বিজেএমসি, ঢাকা।
(৫) পরিচালক (বিপণন), বিজেএমসি, ঢাকা।
(৬) মূখ্য পরিচালন কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।
(৭) ব্যবস্থাপক (জনসংযোগ), বিজেএমসি, ঢাকা।

অনুলিপিঃ

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
২। পরিচালক মহোদয়গণের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৩। মূখ্য পরিচালন কর্মকর্তার একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৪। অফিস কপি/মাষ্টার ফাইল।

D:\...\Tanzil (2nd Fase-Current Files)\প্রশা-১\Current\জাতীয় শুদ্ধাচার কৌশল\NIS ২০২১-২২\১ম প্রান্তিক\নৈতিকতা কমিটির সভার বিজ্ঞপ্তি.doc

ADAMJEE COURT
MOTIJHEEL C/A
DHAKA-1000
BANGLADESH

PHONES : 880-2-9558182-6
880-2-9558192-6
FAX : 880-2-9564740
880-2-9567508

E-mail : bjmc@btcl.net.bd
: bjmc.bd@gmail.com
Web : www.bjmc.gov.bd

**বাংলাদেশ পাটকল করপোরেশন**

আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | <u>নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।</u> |
| সভাপতি | : | জনাব মোঃ আব্দুর রউফ, অতিরিক্ত সচিব ও চেয়ারম্যান, বিজেএমসি, ঢাকা। |
| সভার স্থান | : | বিজেএমসি প্রধান কার্যালয়ের বোর্ড সভা কক্ষ। |
| তারিখ | : | ২০/০৯/২০২১। |
| সময় | : | বিকেল ৪.০০ টা। |

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হলো।

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা) সভাকে অবহিত করেন যে, বিগত বছরগুলোতে জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন আলাদাভাবে মূল্যায়ন করা হতো। কিন্তু চলতি (২০২১-২২) অর্থবছর হতে এটি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে অন্তর্ভুক্ত করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা'র জন্য নির্ধারিত ৫০ মানের মধ্যে আনুপাতিক হারে ১০ মানের বিপরীতে প্রাপ্ত মানই এপিএ তে যুক্ত করে হিসাব (স্কোর) চূড়ান্ত করা হবে। বিজেএমসি প্রধান কার্যালয়ের ২০২১-২২ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ও বিজেএমসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগগুলোকে সম্পৃক্ত করে Action Plan প্রস্তুত করা যেতে পারে। সভাপতি, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২০২২ এর সকল বিষয়ে সভায় উপস্থিত কমিটির সদস্যবৃন্দ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে বিস্তারিত আলোচনা করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটি পুনর্গঠন | মন্ত্রিপরিষদ বিভাগের ১১ ডিসেম্বর, ২০১৬ তারিখের পরিপত্র নং-৫৯৬ এর গাইডলাইনের আলোকে চেয়ারম্যানকে আহবায়ক করে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তার পদনাম পরিবর্তন করা হয়েছে। বিজেএমসি'র পরিবর্তীত পরস্থিতি বিবেচনা করে নৈতিকতা কমিটিতে মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃসেবা) কে অন্তর্ভুক্ত করে নিম্নোক্তভাবে পুনর্গঠন করা যায়:<br>(১) চেয়ারম্যান, বিজেএমসি—সভাপতি;<br>(২) পরিচালক (অর্থ), বিজেএমসি—সদস্য;<br>(৩) পরিচালক (পরিকল্পনা), বিজেএমসি—সদস্য;<br>(৪) মুখ্য পরিচালন কর্মকর্তা, বিজেএমসি-- সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট;<br>(৫) মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা), বিজেএমসি-- সদস্য ও বিকল্প ফোকাল পয়েন্ট। | মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃসেবা) কে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি পুনর্গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | মহাব্যবস্থাপক (প্রশাঃ ও সাঃ সেঃ) |

(পরবর্তী পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য)

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে Action Plan প্রস্তুতকরণ। | জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২১-২২ এর কর্মপরিকল্পনা প্রণয়ন করে গত ২৪ এপ্রিল, ২০২১ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, যা এপিএ ২০২১-২২ এর সাথে সংযুক্ত হিসেবে গণ্য। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগ/ শাখাকে অন্তর্ভুক্ত করতঃ Action Plan প্রস্তুত করে বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। অতঃপর নৈতিকতা কমিটির পরিবীক্ষন সভার মাধ্যমে প্রতিটি কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করা প্রয়োজন। | (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্টদের অন্তর্ভুক্ত করে কোয়ার্টার ভিত্তিক Action Plan প্রস্তুত করে আদেশ জারি করতে হবে।<br>(খ) প্রতিটি কোয়ার্টারের অর্জনের উপর নৈতিকতা কমিটির Feed back সভা করে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়টি নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাঃ ও সাঃ সেঃ) |

উল্লিখিত বিষয়গুলো ছাড়াও, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২০২২ এর যে সকল লক্ষ্যমাত্রা বাস্তবায়িত হয়নি সে সকল লক্ষ্যমাত্রা অতি দ্রুত অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে সভায় সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৯/২০২১
(মোঃ আব্দুর রউফ)
অতিরিক্ত সচিব
ও
চেয়ারম্যান

---

**বাংলাদেশ পাটকল করপোরেশন**
আদমজীকোর্ট, মতিঝিল, ঢাকা।

**স্মারক নং:** ২৪.০৪.০০০০.২০৪.২৪.০০৪.১৭.২৮৬ **তারিখ: ২০.০৯.২০২১**

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাব্যবস্থাপকবৃন্দ, বিজেএমসি, ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা।
৩। সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।

**অনুলিপিঃ**
১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
২। পরিচালক মহোদয়গণের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৩। মূখ্য পরিচালন কর্মকর্তা মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৪। দপ্তর নথি/ মাষ্টার নথি।

২০/৯/২০২১
(মোঃ নাসিমুল ইসলাম)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)

## বাংলাদেশ পাটকল করপোরেশন

আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

বিজেএমসি'র বোর্ড সভাকক্ষে ২০.০৯.২০২১ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম, পদবী ও বিভাগ | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ আব্দুর রউফ<br>চেয়ারম্যান, বিজেএমসি<br>ও<br>সভাপতি, জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি<br>বিজেএমসি, ঢাকা। | |
| ০২ | জনাব হায়দার জাহান ফারাস<br>পরিচালক (পরিকল্পনা), বিজেএমসি, ঢাকা<br>পরিচালক (অর্থ) ও পরিচালক (বিপণন) এর অতিরিক্ত দায়িত্বে<br>ও<br>সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি<br>বিজেএমসি, ঢাকা। | ২০.০৯.২০২১ |
| ০৩ | ড. মোঃ গোলাম কবীর<br>পরিচালক (গমানি), বিজেএমসি, ঢাকা<br>পরিচালক (উৎপাদন ও পাট) এর অতিরিক্ত দায়িত্বে<br>ও<br>সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি<br>বিজেএমসি, ঢাকা। | ২০/৯/২০২১ |
| ০৪ | জনাব এ, এফ, এম, এহতেশামূল হক<br>মূখ্য পরিচালন কর্মকর্তা, বিজেএমসি<br>ও<br>সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট,<br>জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি<br>বিজেএমসি, ঢাকা। | দাপ্তরিক কাজে বাইরে থাকায় মহাব্যবস্থাপক (প্রশাসন: ও সং: সে:) সভায় উপস্থিত ছিলেন।<br>২০/৯/২০২১ |
| ০৫ | জনাব মোহাম্মদ নাদিরুজ্জামান<br>ব্যবস্থাপক (জনসংযোগ), বিজেএমসি<br>ও<br>সদস্য ও বিকল্প ফোকাল পয়েন্ট,<br>জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটি<br>বিজেএমসি, ঢাকা। | ২০/০৯/২০২১ |